সংবাদ

তারিখ 31 DEC 2002 পৃষ্ঠা ১৬ কলাম ৪

# খোকসায় ছাত্র শিবিরের প্রশিক্ষণ শিবিরে যুবতীকে আটক রেখে গণধর্ষণ ॥ কেন্দ্র উচ্ছেদ

**খোকসা (কুষ্টিয়া) থেকে সংবাদদাতা ঃ** কুষ্টিয়ার খোকসায় কাজের প্রলোভন দেখিয়ে ছাত্র শিবিরের প্রশিক্ষণ ক্যাম্পে যুবতীকে আটক রেখে রাতভর গণধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। গ্রাম্য সালিশের মাধ্যমে প্রশিক্ষণ কেন্দ্র উচ্ছেদ করেছে গ্রামবাসী।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শনিবার বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির খোকসা উপজেলা শাখার নেতা রেজাউল, জাহিদ, মতিয়ার কাজ যোগাড় করে দেয়ার প্রলোভন দিয়ে কুমারখালী থেকে এক যুবতীকে খোকসার কমলাপুরে শিবিরের প্রশিক্ষণ কেন্দ্রে নিয়ে আসে।

গভীর রাতে নরপশুরা যৌন লালসা চরিতার্থ করতে আটক যুবতীকে পালাক্রমে ধর্ষণ শুরু করে। এ সময় যুবতীর চিৎকারে গ্রামবাসী ছুটে এসে যুবতীকে উদ্ধার করে। এ ঘটনাকে কেন্দ্র করে পরদিন রোববার সকালে স্থানীয় জনপ্রতিনিধি আবদুল হান্নান চৌধুরী ও রুস্তম আলী চৌধুরীর নেতৃত্বে এক সালিশী বৈঠক অনুষ্ঠিত হয়। সালিশে ধর্ষকদের ক্ষমা চেয়ে নিয়ে গ্রাম ছাড়ার নির্দেশ দেয়া হয়। সালিশী বৈঠকের রায় অনুযায়ী ধর্ষক শিবির নেতা রেজাউল, জাহিদ, মতিয়ার তাদের প্রশিক্ষণ কেন্দ্র গুটিয়ে গ্রাম ছাড়তে বাধ্য হয়। ধর্ষিতাকে তার গ্রামের বাড়ি পৌঁছে দেয়া হয়।

উল্লেখ্য, বর্তমান জোট সরকার ক্ষমতা গ্রহণের পর ইসলামী ছাত্র শিবির খোকসার কমলাপুরে একটি গুড় তৈরির কারখানা ভাড়া নিয়ে এ প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলে। এখানেই দলটির বহিরাগত কর্মীদের বিভিন্ন প্রকার অস্ত্রের প্রশিক্ষণ দেয়া হতো বলে গ্রামবাসী জানায়।